

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন বিমানবন্দর সড়ক, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৩.০০৪.৪৯.১৭-১১৭

তারিখ : ২৯-০৩-২০১৮খ্রিঃ।

যে সব মোটরযানের ফিটনেস সার্টিফিকেট এর মেয়াদ ১০(দশ) বছর উত্তীর্ণ হয়েছে সে সব মোটরযানের ফিটনেস নবায়ন করার জন্য বিআরটিএ'র জরুরি বিজ্ঞপ্তি।

মোটরযান অধ্যাদেশ ১৯৮৩ এর ৪৭ ধারা মোতাবেক নিয়মিতভাবে প্রতিবছর বিআরটিএ হতে মোটরযানের ফিটনেস সার্টিফিকেট গ্রহণের আবশ্যিকতা থাকা সত্ত্বেও বিআরটিএ'র ডাটাবেজ অনুযায়ী ১০(দশ) বছরের অধিককাল যাবৎ উল্লেখ্যযোগ্য সংখ্যক মোটরযানের ফিটনেস নবায়ন করা হয়নি। এতে প্রতীয়মান হয় যে, উক্ত মোটরযানসমূহ ফিটনেস সার্টিফিকেট নবায়ন না করেই রাস্তায় চলাচল করছে কিংবা ধ্বংসপ্রাপ্ত বা চিরতরে ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে।

২। এমতাবস্থায়, যে সব মোটরযানের ফিটনেস সার্টিফিকেট এর মেয়াদ ১০(দশ) বছর উত্তীর্ণ হয়েছে সে সব মোটরযানের ফিটনেস নবায়ন করার নিমিত্ত আগামী ৩০/০৪/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে ফিটনেস নবায়ন করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় আগামী ০১/০৫/২০১৮খ্রিঃ তারিখের পর ফিটনেসবিহীন এসব মোটরযানের বিরুদ্ধে আইননুগ ব্যবস্থা গ্রহণসহ রাইট অফ করার নিমিত্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। ১০ বছরের অধিক ফিটনেস খেলাপী মোটরযানের তালিকা বিআরটিএ'র ওয়েবসাইট www.brta.gov.bd তে পাওয়া যাবে।

পরিচালক (ইঞ্জিঃ)

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

(মোঃ নূরুল ইসলাম)

পরিচালক (ইঞ্জিঃ)

ফোন : ৯১১৫৫৪৪

পরিচালক (এনফোর্সমেন্ট)

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।